মেহেরপুরে মহিলা এমপি শওকত আরা আখতারকে জেলা বিএনপির ফুলেল শুভেচ্ছা

সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট শওকত আরা আখতারের মেহেরপুরে আগমন উপলক্ষে জেলা বিএনপির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

শুক্রবার (১৬ অক্টোবর) বিকেল ৩টার দিকে মেহেরপুর সার্কিট হাউসে জেলা বিএনপির নেতৃবৃন্দ তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।
এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম এবং জেলা জাসাসের সদস্যসচিব বাকাবিল্লাহসহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এ সময় নেতৃবৃন্দ সংসদ সদস্য অ্যাডভোকেট শওকত আরা আখতারকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে তাঁর মেহেরপুর আগমনকে স্বাগত জানান।

মেহেরপুর জেলা বিএনপির সঙ্গে মহিলা এমপির মতবিনিময়

মেহেরপুর-১ ও মেহেরপুর-২ আসনের দায়িত্বপ্রাপ্ত সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট শওকত আরা আক্তার উর্মির সঙ্গে মেহেরপুর জেলা বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার বিকেলে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন সংরক্ষিত নারী আসনের

সংসদ সদস্য অ্যাডভোকেট শওকত আরা আক্তার উর্মি, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ উদ্দিন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল হাসান প্রমুখ।

সভায় মেহেরপুর জেলা বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।